



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
শ্রম অধিদপ্তর
বিভাগীয় শ্রম দপ্তর, চট্টগ্রাম।
www.dol.chittagongdiv.gov.bd

তারিখ: ১৩ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ
২৮ আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৪০.০২.০০০০.১০২.৩৪.০৬৬.১৯.২৪৭৫

বিষয়: চট্টগ্রাম সীতাকুন্ড অটো টেম্পু শ্রমিক ইউনিয়ন (রেজিঃ নং-চট্ট-১২৯২) এর আগামী ০২/০৯/২০২৩খ্রি. তারিখের বিশেষ সাধারণ সভাসহ
নির্বাচনী কার্যক্রম তত্ত্বাবধান প্রসংগে।

সূত্র: সাধারণ সম্পাদক কর্তৃক স্বাক্ষরিত ২০/০৮/২০২৩খ্রি. তারিখের পত্র।

উপর্যুক্ত বিষয়ে চট্টগ্রাম সীতাকুন্ড অটো টেম্পু শ্রমিক ইউনিয়ন (রেজিঃ নং-চট্ট-১২৯২) এর বিশেষ সাধারণ সভা আগামী ০২/০৯/২০২৩ খ্রি. তারিখ রোজ শনিবার শাহী কমিনিউটি সেন্টার, রেলওয়ে স্কলের পাশে, খুলশী, চট্টগ্রামে সকাল ১০:০০ ঘটিকার সময় অনুষ্ঠিত হবে মর্মে সূত্রীয় পত্রের মাধ্যমে এ দপ্তরকে অবহিত করা হয়েছে।

ইউনিয়নের বিশেষ সাধারণ সভায় গঠনতন্ত্রের ২৪ নং ধারা অনুযায়ী নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করবেন না এমন লোকের সমন্বয়ে একটি সাব-কমিটি বা উপ পরিষদ গঠনপূর্বক বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর বিধি ১৬৯ (১) মোতাবেক ইউনিয়নের হালনাগাদ সদস্যের সংখ্যানুপাতে কার্যকরী কমিটির কলেবর নির্ধারন করে সভাটি অনুষ্ঠানের জন্য সংশ্লিষ্ট পক্ষকে অনুরোধ জানানো হলো।

এমতাবস্থায়, সূত্রীয় পত্রের অনুরোধের প্রেক্ষিতে বাংলাদেশ শ্রম আইন-২০০৬ এর ৩১৭ (৪) (ঘ) ধারা ও মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং ৭৩৭২/২০১১ এবং ৪৩১৬/২০১৪ এর উপর মহামান্য আদালত কর্তৃক প্রদত্ত ০৮/০৭/২০১৪ খ্রি. তারিখের নির্দেশনা মোতাবেক নিম্নস্বাক্ষরকারীর প্রতিনিধি হিসেবে আগামী ০২/০৯/২০২৩ খ্রি. তারিখের বিশেষ সাধারণ সভাসহ ভোটার তালিকা চূড়ান্তকরণ, মনোনয়ন পত্র বিতরণ, মনোনয়ন পত্র বাছাই, মনোনয়ন পত্র প্রত্যাহার এবং নির্বাচন অনুষ্ঠানের দিন শুরুর থেকে শেষ পর্যন্ত উপস্থিত থেকে নির্বাচনী সকল কার্যক্রম তত্ত্বাবধান করার জন্য নিম্নোক্ত প্রতিনিধিদ্বয়কে দায়িত্ব প্রদান করা হল:

- ১) জনাব মোহাম্মদ আব্দুস সাক্বির ভূঁইয়া, সহকারী পরিচালক, বিভাগীয় শ্রম দপ্তর, চট্টগ্রাম
- ২) জনাব মোঃ মোকশেদুল আলম, সহকারী পরিচালক, বিভাগীয় শ্রম দপ্তর, চট্টগ্রাম

দায়িত্বপ্রাপ্ত প্রতিনিধিদ্বয় বিশেষ সাধারণ সভায় উপস্থিত থেকে কোরাম পূর্ণ করে সভাটি যথাযথরূপে অনুষ্ঠিত হয়েছে কি না তা কর্তৃপক্ষকে অবহিত করবেন। এছাড়া নির্বাচনী সকল কার্যক্রম তত্ত্বাবধান করে নির্বাচন সম্পন্ন হওয়ার ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে প্রতিবেদন দাখিল করবেন।

২৮-০৮-২০২৩

সালাহউদ্দীন মাহমুদ

পরিচালক (চ: দা:) ও রেজিস্ট্রার অব ট্রেড ইউনিয়ন

০২৩৩৩৩২৩২৫৮

directorctg1@gmail.com

সভাপতি ও সাধারণ সম্পাদক, চট্টগ্রাম সীতাকুন্ড অটো টেম্পু শ্রমিক ইউনিয়ন (রেজিঃ নং-চট্ট-১২৯২), পদ্ম পুকুর পাড়, কর্ণেল হাট, কর্ণেল হাট, পোস্ট: উত্তর কাটলী, থানা: আকবরশাহ, চট্টগ্রাম। অস্থায়ী কার্যালয়: ৯৩নং অলংকার শপিং কমপ্লেক্স (তয় তলা), অলংকার মোড়, পাহাড়তলী, চট্টগ্রাম।

স্মারক নম্বর: ৪০.০২.০০০০.১০২.৩৪.০৬৬.১৯.২৪৭৫/১ (৮)

তারিখ: ১৩ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ
২৮ আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, মহাপরিচালক এর দপ্তর, শ্রম অধিদপ্তর;
- ২। পুলিশ কমিশনার, পুলিশ কমিশনার, চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ, চট্টগ্রাম;
- ৩। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম;
- ৪। মোহাম্মদ আব্দুস সাক্বির ভূঁইয়া, সহকারী পরিচালক, পরিচালকের দপ্তর, বিভাগীয় শ্রম দপ্তর, চট্টগ্রাম;
- ৫। মোঃ মোকশেদুল আলম, সহকারী পরিচালক (চ.দা), পরিচালকের দপ্তর, বিভাগীয় শ্রম দপ্তর, চট্টগ্রাম;
- ৬। অফিসার ইনচার্জ, পাহাড়তলী থানা / খুলশী থানা চট্টগ্রাম, ;
- ৭। অফিস সহকারী, পরিচালকের দপ্তর, বিভাগীয় শ্রম দপ্তর, চট্টগ্রাম (অত্র দপ্তরের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো এবং
- ৮। অফিস কপি, ।



(Handwritten signature)

২৮-০৮-২০২৩

সালাহউদ্দীন মাহমুদ

পরিচালক (চ: দা:) ও রেজিস্ট্রার অব ট্রেড ইউনিয়ন